ডেমক্রেসিওয়াচ ইনহাউজ বুলেটিন

সাপ্তাহিক জনগনের দরবার বুলেটিন - ২

১ম বর্ষ, ২য় সংখ্যা 29 আগষ্ট ২০০৪

ফতেপুর ইউনিয়নে স্মরণীয় সাফল্য

জনগনের দরবার এর কার্যক্রমের ফলে যশোরের একটি ইউনিয়ন ফতেপুর অবিস্মরণীয় কয়েকটি সাফল্য পেয়েছে। পরামর্শ কমিটিগুলোর সদস্যরা নিজেদের মধ্যে করছেন নিয়মিতো আলোচনা। সমস্যার সমাধানে বের করছেন নতুন নতুন পথ।

নিয়মিত আলোচনা করছেন ইউপি সদস্য ও চেয়ারম্যান। ইতোমধ্যে জন্ম নিবন্ধনও বেড়েছে ঐ ইউপিতে। জনগনের দরবার থেকে স্কুলে স্কুলে চালানো হচ্ছে ব্যাপক ক্যাম্পেইন। বালিয়াডাঙ্গা গ্রামে লোকজন এক হয়ে পরিষ্কার করছে নিয়মিত রাস্তার আবর্জনা। ওয়ার্ড ৬ এর পরামর্শ কমিটির সদস্যরা মাদকসেবীদের নিয়ন্ত্রণ করেছে ইতিমধ্যে। জনগনের দরবার এর সহায়তায় ব্লক সুপারভাইজার অসিত বিশ্বাস আসছেন প্রায়ই। বসছেন গ্রামের কৃষকদের সাথে। বিনিময় করছেন অভিজ্ঞতা। জনগনের দরবারের অফিসে আসছেন রোজ।

উন্মুক্ত বাজেট ঘোষণা করবেন চেয়ারম্যান বি এম মঞ্জুরুল ইসলাম বিটু। এজন্যই বিভিন্ন ভাগে বিভক্ত হয়ে জনগনের সাথে বসছেন রোজ। তাদের দাবী দাওয়া নিয়ে কথা বলছেন খোলাখুলি।

আর উঠান বৈঠকের মাধ্যমেই বাড়ছে মেয়েদের অংশগ্রহণ। বৃক্ষ রোপনে উদ্বুদ্ধ করছেন সাধারণ মানুষকে পরামর্শ কমিটির সদস্যরা। হামিদপুর আল হেরা ডিগ্রী কলেজ থেকে শুরু হয়েছে এই কাজ।

আর বাড়ছে প্রতিদিন পত্রিকার পাঠক। দরবারে এসে পত্রিকা পড়া সবার হয়ে উঠেছে এখন নিত্যদিনের অভ্যাস।

তিন জেলায় সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত

জনগনের দরবার এর কার্যক্রম নিয়ে তিন জেলায় ৩টি সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

এই সাংবাদিক সম্মেলনের উদ্দেশ্য হচ্ছে জেলা পর্যায়ে জনগনের দরবার এর কার্যক্রম ব্যাপক ভাবে সাধারন মানুষকে জানানো ও এই প্রক্রিয়ায় সবাইকে সম্পৃক্ত করার প্রচেষ্টা নেওয়া। সাংবাদিক সম্মেলনে ডেমক্রেসিওয়াচ ও সহযোগী সংগঠনের কর্মীরা উপস্থিত ছিলেন। গত ২২ জুলাই সকাল এগারটায় যশোর প্রেস ক্লাবে, গত ২৪ জুলাই সকাল সাড়ে এগারটায় দিনাজপুর প্রেস ক্লাবে ও গত ৭ আগষ্ট সকাল দশটায় গাজীপুর জনগনের দরবার অফিসে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সাংবাদিক সম্মেলনে জাতীয় ও স্থানীয় পত্রিকার সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

জনগনের দরবার এর পরবর্তী কর্মসূচী

১. উম্মুক্ত বাজেট ঘোষনা, ফতেপুর, যশোর ৫ সেপ্টেম্বর ২০০৪
২. অভিজ্ঞতা বিনিময় সভা, ঢাকা, ১২ সেপ্টেম্বর ২০০৪
৩. সাংবাদিক সম্মেলন ও জনসমাবেশ, দিনাজপুর, ৯ ও ১০ সেপ্টেম্বর ২০০৪
৪. সাংবাদিক সম্মেলন ও জেলা সেমিনার, নীলফামারী ৫-৭ সেপ্টেম্বর ২০০৪
৫. জনসমাবেশ, গাজীপুর ১৫ সেপ্টেম্বর ২০০৪
৬. নিয়মিত উঠান বৈঠক (প্রতিটি জেলায়)

৫ সেপ্টেম্বর ফতেপুর ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

আগামী ৫সেপ্টেম্বর ফতেপুর ইউনিয়নে **উন্মুক্ত বাজেট অধিবেশন** অনুষ্ঠিত হবে। চেয়ারম্যান বি এম.মঞ্জুরুল ইসলাম বিটু এই প্রথম ২০০৪-২০০৫ সালের অর্থবছরের বাজেট জনসম্মুখে ঘোষণা করবেন। ডেমক্রেসিওয়াচ জনগনের দরবার প্রকল্পের সহায়তায় চেয়ারম্যান ইতিমধ্যে জনগনের সাথে প্রাক বাজেট আলোচনাও করেছেন। স্বপ্ন সাহায্য সংস্থা যশোরে এই প্রকল্পের সহযোগী হিসেবে কাজ করছে। ডেমক্রেসিওয়াচ মনে করে উন্মুক্ত বাজেট অধিবেশন ইউপির স্বচ্ছতা ও জবাবদিহিতাকে নিশ্চিত করার ক্ষেত্রে একটি মাইলফলক হিসেবে চিহ্নিত হবে। অনুষ্ঠানে জেলা প্রশাসক সহ এলাকার বিশিষ্ট ব্যক্তিগন উপস্থিত থাকবেন।

গাজীপুরে জনগনের দরবার এর উদ্দেশ্য ও গুরুত্ব নিয়ে সেমিনার

'জনগনের দরবার জনগনকে সাথে নিয়েই ইউপির সমস্যা সমাধান করবে। শুধু তাই নয় ইউপির চেয়ারম্যান ও মেম্বারদেরকেও এই প্রক্রিয়ায় সম্পৃক্ত করে ইউপিকে কার্যকর ও শক্তিশালী করার ক্ষেত্রে ভুমিকা রাখছে।'

গত ১৭ আগস্ট সকাল এগারটায় গাজীপুরে 'এডি আই পি'প্রশিক্ষণ কেন্দ্রে 'জনগনের দরবার এর উদ্দেশ্য ও গুরুত্ব ' শীর্ষক আলোচনা সভায় বক্তারা এ কথা বলেন। বক্তারা বলেন, জনগনের দরবার মডেল হিসেবে এখন অনেক ইউনিয়নেই স্বীকৃত। তাই এর প্রয়োজনীয়তা ও গুরুত্ব দিন দিন বেড়ে চলেছে। গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) আতাউর রহমান সেমিনারে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। গাজীপুরের উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা) এস এম আনোয়ার হোসেন, ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম অফিসার ফিরোজ মোঃ নূরুন-নবী যুগল ও মহিউদ্দিন মঈন সহ শিক্ষক,এনজিও কর্মী,ব্যবসায়ী ও পরামর্শ কমিটির সদস্যবৃন্দ দিনব্যাপী এই সেমিনারে উপস্থিত ছিলেন।

যশোর

'জনগনের দরবার এর উদ্দেশ্য ও গুরুত্ব' নিয়ে যশোর জেলা সেমিনার অনুষ্ঠিত হয়েছে গত ২৩ জুলাই। স্থানীয় জেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত এ আলোচনা সভায় উপস্থিত ছিলেন অধ্যাপক গোলাম মোস্তফা, ফতেপুর ইউপি চেয়ারম্যান মঞ্জুরুল ইসলাম বিটু, এ্যাডঃ ওয়াকিল উদ্দিন, মিজানুর রহমান মিন্টু, রহিম রানা, ইয়াকুব আলী, নজরুল ইসলাম বুলবুল,এ্যাডঃ আফজাল হোসেন, শরিফুল হক রিপন ও মুজতবা শামীম। বক্তারা বলেন স্থানীয় পর্যায়ে জনগনের দরবার ইতিমধ্যে যে কার্যকর ভূমিকা রেখেছে তা সত্যিই প্রশংসনীয়। বক্তারা অন্যান্য ইউনিয়নেও এই কার্যক্রম প্রনয়নের সুপারিশ করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম ম্যানেজার মোস্তফা সোহেল।

দিনাজপুর

গত ২৫ জুলাই সকাল ১০টায় দিনাজপুর পল্লী শ্রীর অডিটরিয়ামে জনগনের দরবার এর উদ্দেশ্য ও গুরুত্ব শীর্ষক জেলা সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর পৌরসভার চেয়ারম্যান সফিকুল হক ছুটু। আলোচনায় আরো অংশ নেন কৃষক লীগের আবুল কালাম আজাদ, সিপিবির আবুল কালাম আজাদ, নারী নেত্রী আজাদী হাই, ডঃ মাসুদুল হক,এ্যাডঃ সিরাজুম মুনিরা, নাজমা মসির ও জনগনের দরবার এর কর্মীবৃন্দ।

বাংলাদেশের ইউনিয়ন পরিষদের কয়েকটি আশাব্যঞ্জক খবর
ডিসেম্বর ২০০৩ - জুন ২০০৪

(পূর্ব প্রকাশের পর) এপ্রিল ঃ ইউনিয়ন পরিষদের আয় বাড়াতে দীর্ঘ ৪৪ বছর পর গ্রাম পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে কর বাড়িয়েছে সরকার, সেই সাথে কর নিরূপন ও আদায় কৌশল ও ঠিক করে দেয়া হয়েছে। গত ১৪ এপ্রিল পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে চৌদ্দগ্রামের শ্রীপুর ইউপি ও আলকরা ইউপির ৫টি গ্রামকে বিদ্যুতায়িত করা হয়েছে।

কক্সবাজার আমিরাবাদ ইউপির সোলেমান নার্সারী করে স্বাবলম্বী হয়েছেন। এদিকে লালমনিরহাটের সবুর আলী ভুট্টা চাষ করে নিজের ভাগ্য বদলেছেন সেই সাথে এলাকার অন্য কৃষকদের উৎসাহিত করার জন্য গড়ে তুলেছেন ভুট্টা চাষী সমিতি।

মে ঃ কৃষিতে ব্লক সুপারভাইজারদের সহায়তায় পটুয়াখালীর নীলগঞ্জ ইউপির কৃষকেরা সবজি চাষ করে এখন স্বনির্ভর। কালিয়াকৈরের শ্রীফলতলী ইউপির কৃষকরা উন্নত জাতের বেগুন চাষ করে নির্বাহ করছেন তাদের জীবন। গাজীপুরের শ্রীপুর পৌরসভাসহ উপজেলার প্রায় সব ইউনিয়নেই অনেক পরিবার লিচু চাষ করে এখন ভালভাবে বাঁচার স্বপ্ন দেখছেন। ময়মনসিংহের নান্দাইলের চন্ডিপাশা, গাওগইল ও বৈতাগি ইউনিয়নের কৃষকেরা ভুট্টা চাষ করে হয়েছেন এখন স্বর্নিভর। শেরপুরের শ্রীবরদী উপজেলার ১০টি ইউপির গ্রামে গ্রামে শতাধিক নার্সারী করে ও ময়মনসিংহের ত্রিশাল উপজেলার ৮টি ইউপিতে সবজি চাষ করে কৃষকরা তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন ঘটিয়েছেন। এছাড়াও বেগম রোকেয়ার গ্রাম হিসেবে পরিচিত রংপুরের ৩ নং পায়রাবন্দ ইউপির নারীরা ব্লক সুপারভাইজারদের সহায়তায় নার্সারী, সবজি বাগান, গবাদী পশু পালন মৎস্য চাষ ইত্যাদি করে স্বনির্ভর করে তুলছেন গ্রামগুলোকে।

এদিকে নিজের জমি না থাকলেও বর্গা নেওয়া জমি ও ক্ষেতের আইলে সবজি চাষ করে জয়পুরহাটের ভাদসা ইউপির তারা বানু, অনাবাদি জমিতে কুমড়া চাষ করে কুড়িগ্রামের ভাংধরা ইউপির সুনীল চক্রবর্তী, লেবু চাষ করে নেত্রকোনার আমতলা ইউপির কামরুজ্জামান, হাঁস-মুরগী পালন ও মাছের খামার করে গাইবান্ধার সধানন্দ ইউপির দিনমজুর ফরিদ মিয়া ও কুড়িগ্রামের গুনাইগঞ্জ ইউপির ওয়াজেদ আলী নার্সারী, মৎস্য চাষ, মৌমাছির চাষ ও গবাদি পশু পালন করে আর্দশ কৃষক হিসেবে সবার সামনে দৃষ্টান্ত স্থাপন করেছেন।

জুন ঃ জুন মাসে পল্লীবিদ্যুৎ সমিতি থেকে নাটোর সদর উপজেলার লক্ষীপুর খোলচাড়িয়া ইউনিয়নের চরতেবাড়িয়া গ্রামে ও কুমিল্লার লাকসাম উপজেলার উত্তর ঝলম ইউনিয়নের গোবিন্দপুর, মহেলদারকোট ও চৌরাইশ গ্রামে বিদ্যুৎ সুবিধা দেওয়া হয়েছে। হবিগঞ্জের মাধবপুর উপজেলার ৪টি ইউনিয়নে (ধর্মঘট, বহরা, নোয়াপাড়া ও বাঘাসুরা) ও মানিকগঞ্জ সদর উপজেলার ২ টি ইউনিয়নে (গড়পাড়া ও জাগির) ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স নির্মানের কাজ শুরু হয়েছে এবং মানিকগঞ্জ সাটুরিয়া উপজেলার বালিয়াটি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে।

কৃষিতে ব্লক সুপারভাইজারদের সহযোগিতা ও নিজেদের উদ্যোগে মৌলভীবাজার কুলাউড়া উপজেলার ব্রাহ্মনবাজার ও বরমচাল ইউপির শত শত বেকার শিক্ষিত তরুন-যুবক ও কৃষকেরা বরবটি চাষ , কিশোরগঞ্জ পাকুন্দিয়া উপজেলার চরফবাদি ও জাঙ্গালিয়া ইউপির কৃষকেরা সব্জি চাষ এবং জামালপুর সরিষাবাড়ী উপজেলার ৮টি ইউপির কৃষকেরা ভুট্টা চাষ করে নিজেদের অবস্থা পরিবর্তনের সঙ্গে সঙ্গে দেশের চাহিদাও মেটাচ্ছেন।

ইউনিয়ন পরিষদের গত নয় মাসের পর্যবেক্ষণ প্রতিবেদন
অক্টোবর ২০০৩ - জুন ২০০৪

বিভিন্ন সন্ত্রাসী হামলায় গত ৯ মাসে ১১ ইউপি চেয়ারম্যান ও ২৬ ইউপি সদস্য নিহত

(পূর্ব প্রকাশের পর) মার্চ ঃ গত মার্চ মাসে সারা দেশে ৬ ইউপি সদস্য খুন হয়েছেন। কিশোরগঞ্জের মিঠামাইন উপজেলার ঘাগড়া ইউপি সদস্য মীরজাহান (৪৫) গত ৬ মার্চ জলমহাল ও জমিজমা সংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে সংঘর্ষে এবং গত ২৬ মার্চ চাঁদপুরের মতলব উত্তর উপজেলার পশ্চিম ফতেহপুর ইউপি সদস্য মোহম্মদ সফিউল্লাহ (৩৫) কেরাম খেলাকে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষ থামাতে গেলে খুন হন। এদিকে গত ২৪ মার্চ পিরোজপুরের কাউখালী উপজেলার ৫ নং শিয়ালকাঠী ইউপির সদস্য নাসিরউদ্দিন বাচ্চু (৩৫), গত ২৫ মার্চ নরসিংদীর বেলাব উপজেলার নারায়নপুর ইউপি সদস্য রিয়াজউদ্দিন রেজু (৪৫) এবং গত ২৬ মার্চ পাবনা চাটমোহর উপজেলার ফৈলজানা ইউপি সদস্য হাসান আলী (৪৫) কে সন্ত্রাসীরা হত্যা করে। এছাড়াও গত ১১ মার্চ চট্টগ্রামের রাউজান থানার ৭ নং রাউজান ইউপি সদস্য আক্তার হোসেন (৩৮) কে সন্ত্রাসীরা অপহরণ করে এবং গত ১৫ মার্চ তার লাশ উদ্ধার করা হয়।

এপ্রিল ঃ গত এপ্রিল মাসে সারা দেশে ৪ ইউপি সদস্য খুন হয়েছেন। গত ৩১ মার্চ ঢাকার কামরাঙ্গীচরের সুলতানগঞ্জ ইউপি সদস্য হাজী মিজানুর রহমান (৪২) , ৪ এপ্রিল ঝিনাইদহের হরিনাকুন্ড উপজেলার দৌলতপুর ইউপি সদস্য ও গ্রাম সরকার প্রধান লাল্টু মিয়া (৩৫), ১৫ এপ্রিল পাবনার সুজানগর উপজেলার হাটখালি ইউপি'র নুরুল ইসলাম নুরু (৫৪) এবং ২৪ এপ্রিল দিনাজপুরের নবাবগঞ্জ উপজেলার বিনোদপুর ইউপি'র সদস্য আবুল বাশার বাদশা (৪৫) সন্ত্রাসীদের হাতে খুন হন।

মে ঃ গত মে মাসে সারা দেশে ২ ইউপি প্রতিনিধি খুন হয়েছেন। এদের মধ্যে ১ জন ইউপি চেয়ারম্যান ও ১ জন ইউপি সদস্য। গত ২৩ মে বরিশালের উজিরপুরের জল্লা ইউপি চেয়ারম্যান অবনী বাড়ৈ (৪৮) ও গত ১৮ মে সিরাজগঞ্জের বেলকুচি সদর ইউপির সদস্য শামীম হোসেন (৩৫) সন্ত্রাসীদের হাতে খুন হন।

ইউপি প্রতিনিধি আহতের সংখ্যা

গত নয় মাসে সারা দেশে ৭৪ জন ইউপি প্রতিনিধি আহত হয়েছেন। এর মধ্যে অক্টোবর মাসে ৮ জন ইউপি প্রতিনিধি আহত হয়েছেন। এদের মধ্যে ৩ জন ইউপি চেয়ারম্যান, ৪ জন ইউপি সদস্য ও ১ জন মহিলা সদস্য রয়েছেন। নভেম্বর মাসে ১৫ জন ইউপি প্রতিনিধি আহত হয়েছেন। এদের মধ্যে ৫ জন ইউপি চেয়ারম্যান ও ১০ জন ইউপি সদস্য। যে সব ঘটনায় ইউপি প্রতিনিধিরা আহত হয়েছেন তার মধ্যে উল্ল্যেখযোগ্য হলো সংঘর্ষ, সন্ত্রাসী হামলা এবং চাল আত্মসাতের ঘটনায় জনতা কতৃক গনপিটুনি। ডিসেম্বর মাসে সারা দেশে বিভিন্ন সন্ত্রাসী হামলায় ১৭ জন ইউপি প্রতিনিধি আহত হয়েছেন।

এদের মধ্যে ৪ জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ১৩ জন ইউপি সদস্য রয়েছেন। জানুয়ারী মাসে সারাদেশে ২ জন চেয়ারম্যান এবং ২ জন ইউপি সদস্য বিভিন্ন সন্ত্রাসী ঘটনায় আহত হয়েছেন। ফেব্রুয়ারী মাসে সারা দেশে ১ জন ইউপি চেয়ারম্যান এবং ১২ জন ইউপি সদস্য আহত হয়েছেন। মার্চে সারা দেশে ৩ চেয়ারম্যান ও ৩ ইউপি সদস্য বিভিন্ন সন্ত্রাসী ঘটনায় আহত হয়েছেন। এপ্রিল মাসে সারা দেশে দুই ইউপি চেয়ারম্যান ও দুই ইউপি সদস্য আহত হয়েছেন। পৃথক পৃথক সন্ত্রাসী ঘটনায় তারা আহত হন।

মে মাসে সারা দেশে ৪ ইউপি সদস্য পৃথক পৃথক সন্ত্রাসী ঘটনায় আহত হন। জুন মাসে সারা দেশে বিভিন্ন ঘটনায় ৪ ইউপি চেয়ারম্যান, ২ ইউপি সদস্য ও ১ মহিলা ইউপি সদস্য আহত হন। যে সকল ঘটনায় এসব ইউপি প্রতিনিধিরা আহত হয়েছেন তার মধ্যে উল্লেখযোগ্য হল পুলিশের লাঠিচার্জ, ভিজিএফ এর চাল বিতরনের সময় বহিরাগতদের হামলা, সন্ত্রাসী হামলা, সংঘর্ষ ও বংশগত বিবাদের জের।

(চলবে)

প্রকাশনায় ঃ তালেয়া রেহমান, নির্বাহী পরিচালক, ডেমক্রেসিওয়াচ।

ডেমক্রেসিওয়াচ ,জনগনের দরবার প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার -মোস্তফা সোহেল, প্রোগ্রাম অফিসার ফিরোজ মোঃ নূরুন-নবী যুগল, মহিউদ্দিন মইন , নাজনীন সুলতানা, শামীম আল মামুন, শারমীন জাহান ও কামাল হোসেন-এর প্রচেষ্টায়, ডেমক্রেসিওয়াচ ৭, সার্কিট হাউজ রোড, রমনা ঢাকা থেকে প্রকাশিত। ফোন- ৯৩৪৪২২৫-৬, ৯৩৬০৫৮৮-৯, ৯৩৩০৪০৫, ফ্যাক্স- ৮৩১৫৮০৭